THE BANGLADESH OBSERVER

তারিখ JUL 04.2000
পৃষ্ঠা 78 কলাম 2

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

"পাঠ্যপুস্তক ভবন"

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

বিজ্ঞপ্তি নং- ৪৪ পা: পু:/সম্পাদনা-৫/৯৯ তারিখ: ২৮/৬/২০০০ ইং

# বিজ্ঞপ্তি

## পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী উচ্চ মাধ্যমিক স্তরের জন্য লিখিত পাঠ্যপুস্তকের পান্ডুলিপি আহ্বান।

সরকারি নির্দেশ মোতাবেক ১৯৯৮ শিক্ষাবর্ষ থেকে উচ্চ মাধ্যমিক স্তরের পরিমার্জিত শিক্ষাক্রম ও পাঠ্যসূচি অনুযায়ী প্রণীত নতুন পাঠ্যপুস্তক প্রবর্তন করা হচ্ছে। উচ্চ মাধ্যমিক স্তরের বিভিন্ন বিষয়ের পাঠ্যপুস্তক অনুমোদন প্রক্রিয়া উন্মুক্ত থাকবে বিধায় ২০০১-২০০২ শিক্ষাবর্ষে প্রবর্তনের জন্য পরিবর্তিত শিক্ষাক্রম ও পাঠ্যসূচি অনুযায়ী আগ্রহী লেখক/ প্রকাশকদের নিকট থেকে নিম্নবর্ণিত বিষয়সমূহের জন্য পান্ডুলিপি আহ্বান করা যাচ্ছে।

৩ (তিন) বছরের জন্য একটি পাঠ্যপুস্তকের অনুমোদন দেয়া হবে। অনুমোদনের সময়সীমা অতিক্রান্ত হলে আগ্রহী লেখক/ প্রকাশকগণ পুনঃ অনুমোদন লাভের জন্য মূল্যায়ন ফী সহ পান্ডুলিপি বোর্ডে জমা দিতে পারবেন। পাঠ্যপুস্তক অনুমোদন লাভের পরবর্তী বছর প্রতি বছর নবায়ন ফী ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা লেখক/ প্রকাশকগণ বোর্ডে জমা দিবেন। ২০-০৫-১৯৯৭ ও ১২-০১-১৯৯৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটির সভার শর্তসমূহ অনুমোদিত বইগুলোর ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

আগ্রহী লেখক/প্রকাশকদের পান্ডুলিপি মূল্যায়ন ফী বাবদ প্রতি ১০০ নম্বরের পাঠ্যপুস্তক অথবা এর অংশের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং প্রতি ২০০ নম্বরের বিষয়ের পাঠ্যপুস্তকের জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা "চেয়ারম্যান, এনসিটিবি, ঢাকা" এর অনুকূলে সোনালী ব্যাংক, এনসিটিবি শাখা, হিসাব নম্বর বি-১ এ ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে। উল্লেখ্য যে, পান্ডুলিপি অনুমোদিত হলে একই হারে অনুমোদন ফি জমা দিতে হবে।

**বিষয়সমূহ ঃ**

১. পদার্থ বিজ্ঞান (১ম ও ২য় পত্র)
২. রসায়ন (১ম ও ২য় পত্র)
৩. জীববিজ্ঞান (১ম ও ২য় পত্র)
৪. গণিত (১ম ও ২য় পত্র)
৫. কম্পিউটার শিক্ষা (১ম ও ২য় পত্র)
৬. পরিসংখ্যান (১ম ও ২য় পত্র)
৭. কৃষিশিক্ষা (১ম ও ২য় পত্র)
৮. অর্থনীতি (১ম ও ২য় পত্র)
৯. পৌরনীতি (১ম ও ২য় পত্র)
১০. সমাজ বিজ্ঞান (১ম ও ২য় পত্র)
১১. সমাজ কল্যাণ (১ম ও ২য় পত্র)
১২. ইতিহাস (১ম ও ২য় পত্র)
১৩. ইসলামের ইতিহাস (১ম ও ২য় পত্র)
১৪. যুক্তিবিদ্যা (১ম ও ২য় পত্র)
১৫. ভূগোল (১ম ও ২য় পত্র)
১৬. মনোবিজ্ঞান (১ম ও ২য় পত্র)
১৭. ইসলাম শিক্ষা (১ম ও ২য় পত্র)
১৮. সমর বিদ্যা (১ম ও ২য় পত্র)
১৯. ব্যবসায়নীতি ও প্রয়োগ (১ম ও ২য় পত্র)
২০. হিসাব বিজ্ঞান (১ম ও ২য় পত্র)
২১. ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা (১ম পত্র)
২২. অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল (১ম ও ২য় পত্র)
২৩. অর্থায়ন ও উৎপাদন এবং বিপনন (১ম ও ২য় পত্র)
২৪. সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা (১ম ও ২য় পত্র)
২৫. ব্যবহারিক শিল্পকলা ও বস্ত্র ও পোশাক শিল্প (২য় পত্র)

**শর্তসমূহ ঃ**

(ক) পান্ডুলিপি কম্পিউটার কম্পোজ করে জমা দিতে হবে।
(খ) পান্ডুলিপি নির্ধারিত সাইজ $\frac{১}{৮}$ ডিসি (ডবল ক্রাউন) হবে।
(গ) কন্টেন্ট এরিয়া (Content area) ৮$\frac{১}{২}$" ৫$\frac{৩}{৪}$" হবে।
(ঘ) ১২ পয়েন্ট (Sabrena Tonny) টাইপ ব্যবহার করতে হবে।
(ঙ) প্রতি পত্রের জন্য পান্ডুলিপি ৪ (চার) কপি জমা দিতে হবে।
(চ) প্রতি পৃষ্ঠায় ৩০ থেকে ৩২ লাইন মুদ্রণ করতে হবে।
(ছ) যদি কোন প্রকাশক পান্ডুলিপি অনুমোদনের জন্য জমা দেন তাহলে পাঠ্যপুস্তক লেখকের সম্মতিপত্র সাথে জমা দিতে হবে। পান্ডুলিপি জমা দানের শেষ তারিখ ৩০-০৯-২০০০ ইং। এরপর আর সময়সীমা বৃদ্ধি করা হবে না।

বোর্ডের সহকারী সম্পাদক জনাব মোঃ রবিউল হোসেন এর নিকট উপরিউক্ত বিষয়সমূহের পরিমার্জিত শিক্ষাক্রম ও পাঠ্যসূচি পাওয়া যাবে। পান্ডুলিপি প্রধান সম্পাদনের নিকট জমা দিতে হবে।

সচিব
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
ঢাকা।

ডিএফপি-১৬৪৮৯-২/৭ জিসি-৮২৮৮